# ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন ঃ ২২৩৩৬৪১১৫

Web address : www.dhakacitycollege.edu.bd, E-mail : dhakacitycollege1250@gmail.com


সূত্র নং

তারিখ : ১৯.০৮.২০২৪

# নোটিশ

## (দ্বাদশ শ্রেণির ছাত্রীদের জন্য)

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঢাকা সিটি কলেজে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ প্রিয় শিক্ষার্থীদেরকে কলেজ ক্যাম্পাসে স্বাগতম জানাচ্ছি। প্রিয় শিক্ষার্থীবৃন্দ, তোমরা জান, ঢাকা সিটি কলেজ বাংলাদেশের শিক্ষাঙ্গণে একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এ কলেজে পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সুনির্দিষ্ট দিকনির্দেশনা অনুসরণ করা হয়। এ প্রেক্ষিতে নিম্নে বর্ণিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্বারোপ করার জন্য তোমাদের দৃষ্টি আকর্ষণ করা হলো:

### সাধারণ নির্দেশনা

- তোমাদের নিয়মিত ক্লাস করতে হবে এবং প্রত্যেক বিষয়ের উপস্থিতি অবশ্যই ন্যূনতম ৭৫% হতে হবে।
- কলেজের অভ্যন্তরীণ পরীক্ষায় প্রতিটি বিষয়ে (কমপক্ষে ৩৩% নম্বর পেয়ে) পাস করতে হবে। সৃজনশীল বিষয়সমূহে এম.সি.কিউ, সি.কিউ ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় আলাদা আলাদাভাবে পাস করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

### শৃঙ্খলা বিষয়ক নির্দেশনা

- ছাত্রীদের সকাল ৭:২৫ মিনিট এর মধ্যে শ্রেণিকক্ষে উপস্থিত থাকতে হবে। ৭:৩০ মিনিটের পরে কলেজে আসলে সরাসরি শ্রেণিকক্ষে না গিয়ে নিচতলায় দায়িত্বরত শিক্ষকের তত্ত্বাবধানে অবস্থান করতে হবে।
- ছাত্রীদেরকে সাদা রঙের সালোয়ার-কামিজ ও সাদা ওড়না (ভি-চিহ্নিত) পরিধান করতে হবে এবং কেড্স অথবা কালো সু পরতে হবে।
- যেসব ছাত্রী বোরকা পরবে তাদেরকে অবশ্যই কলেজ ড্রেস পরে তার উপরে সাধারণ ও মার্জিত রংয়ের বোরকা পরতে হবে।
- যারা হিজাব পরবে তারা কালো অথবা সাদা রঙের হিজাব পরতে পারবে। এতে প্রিন্ট কিংবা অন্য রঙের সমন্বয় থাকতে পারবে না।
- কলেজ ক্যাম্পাসে থাকাকালীন কলেজের পরিচয়পত্র সার্বক্ষণিক গলায় ঝুলিয়ে রাখতে হবে।
- কলেজে কোনো প্রকার **স্মার্ট ফোন** আনা যাবে না।
- অভিভাবকের সাথে জরুরি যোগাযোগের প্রয়োজনে ক্যামেরাবিহীন বাটন্ড মোবাইল ফোন আনা যাবে। তবে তা ক্লাসরুম, পরীক্ষার হল, করিডোর, সেমিনার লাইব্রেরী ও সেন্ট্রাল লাইব্রেরীতে ব্যবহার করা যাবে না।
- কারো কাছে স্মার্ট ফোন পাওয়া গেলে তা **তৎক্ষণাৎ জব্দ করা হবে এবং তা আর ফেরত দেওয়া হবে না।**

উল্লিখিত নির্দেশনাসমূহ আগামী ২০.০৮.২০২৪ তারিখ থেকে কার্যকর হবে। ২০.০৮.২০২৪ তারিখ থেকে কলেজ ইউনিফর্ম পরে সশরীরে ক্লাসে আসা বাধ্যতামূলক। এছাড়াও কোন কারণে কলেজে আসার প্রয়োজন হলে সেক্ষেত্রেও অবশ্যই কলেজ ইউনিফর্ম পরে আসতে হবে। ঢাকা সিটি কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে চলতে তোমাদের বিশেষভাবে বলা হচ্ছে।

19.8.24

**প্রফেসর কাজি নেয়ামুল হক**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা সিটি কলেজ

# ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন ঃ ২২৩৩৬৪১১৫

Web address : www.dhakacitycollege.edu.bd, E-mail : dhakacitycollege1250@gmail.com


সূত্র নং

তারিখ : ১৯.০৮.২০২৪

# নোটিশ

## (দ্বাদশ শ্রেণির ছাত্রদের জন্য)

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঢাকা সিটি কলেজে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ প্রিয় শিক্ষার্থীদেরকে কলেজ ক্যাম্পাসে স্বাগতম জানাচ্ছি। প্রিয় শিক্ষার্থীবৃন্দ, তোমরা জান, ঢাকা সিটি কলেজ বাংলাদেশের শিক্ষাঙ্গণে একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এ কলেজে পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সুনির্দিষ্ট দিকনির্দেশনা অনুসরণ করা হয়। এ প্রেক্ষিতে নিম্নে বর্ণিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্বারোপ করার জন্য তোমাদের দৃষ্টি আকর্ষণ করা হলোঃ

### সাধারণ নির্দেশনা

- তোমাদের নিয়মিত ক্লাস করতে হবে এবং প্রত্যেক বিষয়ের উপস্থিতি কমপক্ষে ৭৫% হতে হবে।
- কলেজের অভ্যন্তরীণ পরীক্ষায় প্রতিটি বিষয়ে (কমপক্ষে ৩৩% নম্বর পেয়ে) পাস করতে হবে। সৃজনশীল বিষয়সমূহে এম.সি.কিউ, সি.কিউ ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় আলাদা আলাদাভাবে পাস করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

### শৃঙ্খলা বিষয়ক নির্দেশনা

- ছাত্রদেরকে প্লেন কাপড়ের সাদা শার্ট, কালো প্যান্ট এবং কালো রং-এর জুতা পরতে হবে।
- চুল ছোট ও মার্জিত রাখতে হবে।
- কলেজ ক্যাম্পাসে থাকাকালীন কলেজের পরিচয়পত্র সার্বক্ষণিক গলায় ঝুলিয়ে রাখতে হবে।
- ছাত্রদের দুপুর ১২:২৫ মিনিট এর মধ্যে শ্রেণিকক্ষে উপস্থিত থাকতে হবে। ১২:৩০ মিনিটের পরে কলেজে আসলে সরাসরি শ্রেণিকক্ষে না গিয়ে নিচতলায় দায়িত্বরত শিক্ষকের তত্ত্বাবধানে অবস্থান করতে হবে।
- কলেজে কোনো প্রকার **স্মার্ট ফোন** আনা যাবে না।
- অভিভাবকের সাথে জরুরি যোগাযোগের প্রয়োজনে ক্যামেরাবিহীন বাটন্ড মোবাইল ফোন আনা যাবে। তবে তা ক্লাসরুম, পরীক্ষার হল, করিডোর, সেমিনার লাইব্রেরী ও সেন্ট্রাল লাইব্রেরীতে ব্যবহার করা যাবে না।
- কারো কাছে স্মার্ট ফোন পাওয়া গেলে তা **তৎক্ষণাৎ জব্দ করা হবে এবং তা আর ফেরত দেওয়া হবে না।**

উল্লিখিত নির্দেশনাসমূহ আগামী ২০.০৮.২০২৪ তারিখ থেকে কার্যকর হবে। ২০.০৮.২০২৪ তারিখ থেকে কলেজ ইউনিফর্ম পরে সশরীরে ক্লাসে আসা বাধ্যতামূলক। এছাড়াও কোন কারণে কলেজে আসার প্রয়োজন হলে সেক্ষেত্রেও অবশ্যই কলেজ ইউনিফর্ম পরে আসতে হবে। ঢাকা সিটি কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে চলতে তোমাদের বিশেষভাবে বলা হচ্ছে।

19.8.24

**প্রফেসর কাজি নেয়ামুল হক**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা সিটি কলেজ